

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ৪, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ পৌষ ১৪২৭/০৩ জানুয়ারি ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০(অংশ-১)-০১।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন
বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন স্মারক নং-১৭.০০. ০০০০. ০৩৪. ৩৮.
০২২.২০(অংশ-১)-৬০৬ তারিখ : ২৭ ডিসেম্বর ২০২০ মাধ্যমে স্থগিতকৃত চুয়াডাঙ্গা জেলার
চুয়াডাঙ্গা পৌরসভার ১নং সাধারণ আসনের কাউন্সিলর পদে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়,
কুড়িগ্রামের গণবিজ্ঞপ্তির স্মারক নং-১৭.০৮.৪৯০০.০০০.৩৮.০০২.২০-৫৫৯, তারিখ : ০৭ ডিসেম্বর
২০২০ মাধ্যমে স্থগিতকৃত কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম পৌরসভার ৮নং সাধারণ আসনের কাউন্সিলর
পদে ইভিএম এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করতেছেন :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৬ জানুয়ারি ২০২১	(বুধবার)
			২২ পৌষ ১৪২৭	
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৭ জানুয়ারি ২০২১	(বৃহস্পতিবার)
			২৩ পৌষ ১৪২৭	
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৩ জানুয়ারি ২০২১	(বুধবার)
			২৯ পৌষ ১৪২৭	
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	৩০ জানুয়ারি ২০২১	(শনিবার)
			১৬ মাঘ ১৪২৭	

ভোটগ্রহণের সময় : সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত

(৩৩)

মূল্য : টাকা ৪.০০

২। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪২৪ তারিখ : ২২ নভেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার বহাল থাকবেন। এছাড়া স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪২৫, তারিখ : ২২ নভেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন। এছাড়া উল্লেখ্য যে, অনুচ্ছেদ-১ এ বর্ণিত পদে ইতিপূর্বে কোনো প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে সাব্যস্ত হয়ে থাকলে এবং তিনি প্রার্থিতা প্রত্যাহার না করে থাকলে তাকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।